

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০১০.১৩-০২৭,

তারিখ : ২৯/৫/২০১৬ খ্রিঃ

বিষয় : যুবনারীর ক্ষমতায়নে দক্ষতাবৃদ্ধিমূলক অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তরের সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে যুব নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে তাঁর উপজেলার আচ্ছাদিত যুব নারীদের নির্বাচিত করে দক্ষতাবৃদ্ধিমূলক ০৭(সাত) দিনের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য বরাদ্দ প্রদান করা হচ্ছে যা নির্ধারিত ০৩টি কোর্সের অন্তর্ভুক্ত। কোর্সটি অত্র দপ্তরের ২৯-১২-২০১৩ খ্রিঃ তারিখের নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০১০.১৩-৫৮১ সংখ্যক স্মারকের নির্দেশনা অনুসরণপূর্বক পরিচালনার জন্য অনুরোধ করা হলো। তবে কোর্সটিতে দক্ষতাভিত্তিক বিষয়ের পাশাপাশি নারীর ক্ষমতায়ন সম্পর্কিত ০৩ অনুচ্ছেদে বর্ণিত ০৮টি বিষয় অন্তর্ভুক্ত করতে হবে।

০২। কোর্সের বিবরণ :

- * কোর্সের মেয়াদ : ০৭দিন
- * মোট কর্মদিবস : ০৬ দিন
- * মোট ক্লাশ সংখ্যা : (প্রতিদিন ০৩টি×০৬দিন)=১৮টি
- * (১৮টি ক্লাশের মধ্যে নারীর ক্ষমতায়ন বিষয়ে ০৮টি এবং দক্ষতাবৃদ্ধিমূলক ক্লাশ-১০টি)

০৩। নারীর ক্ষমতায়ন বিষয়ক ক্লাশের শিরোনাম :

- ক) নারীর অধিকার এবং বর্তমান সরকারের নারীবান্ধব আইন সম্পর্কে ধারণা প্রদান।
- খ) নারীর সুস্বাস্থ্য, পুষ্টি এবং নিরাপদ মাতৃত্ব ও শিশু পুষ্টি বিষয়ক ধারণা।
- গ) নারী শিক্ষার গুরুত্ব ও অগ্রাধিকার।
- ঘ) বাল্য বিবাহ, যৌতুক বিরোধী সচেতনতা।
- ঙ) নারী নির্যাতনরোধে আইনি সহায়তা পাওয়ার ক্ষেত্র ও অধিকার।
- চ) অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ততার গুরুত্ব।
- ছ) নারী নেতৃত্ব উন্নয়ন ও
- জ) সার্বিক যুব কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান
 - যুব ও যুবমহিলাদের সংজ্ঞা।
 - যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম।
 - প্রশিক্ষণ ও ঋণ সুবিধা

০৪। প্রশিক্ষণার্থীদের প্রতিদিনের উপস্থিতির ভিত্তিতে যাতায়াত ভাতা ৫০/- (পঞ্চাশ) টাকা হারে প্রদান করতে হবে। অর্থাৎ একজন প্রশিক্ষণার্থী যা কোর্স সমাপনান্তে ৫০×৬=৩০০/-টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।


(চায়লস ব্যানার্জী)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোন নং- ০২-৯৫৬৯৭৭১।

প্রাপক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
----- উপজেলা ----- জেলা।

অনুলিপি বিতরণ :

- ০১। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,(সকল) জেলা। প্রশিক্ষণ কোর্সটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও তদারকি করতে অনুরোধ করা হলো।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিস কপি।